



স্মারক নং-২৭.১২.৫৯৫৬.৫৬০.০১.০৩৮.২২-১৫২৫

তাং- ১৮/০৯/২০২২ খ্রিঃ।


দরপত্র বিজ্ঞপ্তি (RFQ)

বিষয়ঃ- “সিঞ্জেল কেবিন পিক-আপ গাড়ী” মেরামত করনের জন্য (RFQ) দরপত্র আহবান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুশুগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির ভাগ্যকুল সাব-জোনাল অফিসের “সিঞ্জেল কেবিন পিক-আপ গাড়ী” যার রেজিস্ট্রেশন নং মুশুগঞ্জ ম-১১- ০০০৫ এর পিষ্টন সমস্যার জন্য মেরামত করার জন্য প্রকৃত যানবাহন মেরামতকারী প্রতিষ্ঠান/ওয়ার্কশপ এর নিকট হতে “আর এফ কিউ (রিকোয়েস্ট ফর কোটেশন)” এর মাধ্যমে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

শর্তাবলী

- ০১। মুশুগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির ভাগ্যকুল সাব-জোনাল অফিসের “সিঞ্জেল কেবিন পিক-আপ গাড়ী” যার রেজিস্ট্রেশন নং মুশুগঞ্জ ম-১১-০০০৫ এর পিষ্টন সমস্যার কারণে মেরামত করার জন্য প্রকৃত যানবাহন মেরামতকারী প্রতিষ্ঠান/ওয়ার্কশপ এর নিকট হতে সীল মোহরকৃত খামে কোটেশন পদ্ধতিতে (RFQ) দরপত্র আহবান করা যাচ্ছে।
- ০২। আগ্রহী দরদাতাগন অফিস সময়ে উল্লেখিত ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিসের ওয়েব সাইট www.munshiganjpbs.org এ দেখতে পারবেন।
- ০৩। নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণ পূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৫ অনুচ্ছেদে উল্লেখিত তারিখ ও সময়ে কোটেশন আহবানকারী কর্তৃক নির্ধারিত স্থানে ক) সিনিয়র জেনারেল ম্যানেজার, মুশুগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সিপাহীপাড়া, মুশুগঞ্জ অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২১৯ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাঞ্জে দাখিল করতে হবে।
- ০৪। কোটেশন দাখিল এবং যানবাহন মেরামত বাবদ কোন জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।
- ০৫। দরপত্র আগামী ২৫/০৯/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকার মধ্যে অত্র পল্লী বিদ্যুৎ সমিতির সিপাহীপাড়াস্থ সদর দপ্তর এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর এ রক্ষিত টেন্ডার বাঞ্জে গ্রহন করা হবে। দরপত্র সমুহ ঐ দিনই বেলা ১১:০৫ মিনিটের সময় উপস্থিত দরদাতা/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- ০৬। প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহর ও স্বাক্ষর সংযুক্ত করে খামে সীল গালা ব্যবহার পূর্বক দর দাখিল করতে হবে। দরপত্রের সাথে চলতি ট্রেড লাইসেন্স, আয়কর সনদপত্র, ভ্যাট রেজিস্ট্রেশন এবং ব্যাংক সলভেন্সির সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ০৭। কার্যাদেশ প্রদানের সময়ে বর্নিত আইটেমের কাজের মালামালের পরিমাণ ২০% কম বা বেশী করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ০৮। প্রয়োজনে “সিঞ্জেল কেবিন পিক-আপ গাড়ী” যার রেজিস্ট্রেশন নং মুশুগঞ্জ ম-১১- ০০০৫ এর পিষ্টন সমস্যার কারণে মেরামত করার জন্য সরেজমিনে পরিদর্শন পূর্বক (ছুটির দিন ব্যতীত) দর দাখিল করা যাবে।
- ০৯। খামের উপর “যানবাহন মেরামত দরপত্র” কথাটি স্পষ্টাকারে লিখতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১০। “সিঞ্জেল কেবিন পিক-আপ গাড়ী” যার রেজিস্ট্রেশন নং মুশুগঞ্জ ম-১১- ০০০৫ এর পিষ্টন সমস্যার কারণে মেরামত করার জন্য প্রয়োজনীয় মালামাল প্রকৃত যানবাহন মেরামতকারী প্রতিষ্ঠান/ওয়ার্কশপ কর্তৃক সরবরাহ করতে হবে।
- ১১। যানবাহন মেরামত এর সময় যানবাহনের কোন দ্রব্যাদি ক্ষতি হলে ক্ষতি পূরণ দিতে হবে এবং কোন কর্মী/টেকনিশিয়ান/মিস্ত্রি ক্ষতিগ্রস্ত হলে সে ক্ষেত্রে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- ১২। কার্যাদেশ প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে যানবাহন মেরামতের কাজ সম্পন্ন করতে হবে।
- ১৩। যানবাহন মেরামতের কাজ সম্পন্নের পর সংশ্লিষ্ট অফিস ও কমিটি কর্তৃক পরিদর্শন করা হবে। কমিটির সন্তোষজনক রিপোর্টের ভিত্তিতে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।



- ১৪। প্রদত্ত বিল হতে সরকারী নিয়ম অনুসারে ভ্যাট ও ট্যাক্স কর্তন করা হবে।
- ১৫। উল্লেখিত শর্তাবলী ব্যতীত অপরাপর কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে সেই ক্ষেত্রে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।
- ১৬। কোনরূপ কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র অথবা সকল দরপত্র গ্রহন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

(এ এইচ এম মোবারক উল্যা)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-নোটিশ বোর্ডে বহল প্রচারের অনুরোধ সহ

- ০১। পরিচালক, পবিস মঃ ব্যঃ ও পঃ (কেঃ অঃ), বাপবিবো, ঢাকা (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- ০২। জেলা প্রশাসক/পুলিশ সুপার, মুন্সীগঞ্জ।
- ০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, মুন্সীগঞ্জ।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, (এলজিইডি/ সড়ক ও জনপথ বিভাগ), মুন্সীগঞ্জ।
- ০৭। ডিজিএম, মুন্সীগঞ্জ জোনাল অফিস, মুপবিস।
- ০৮। এজিএম (ওএন্ডএম/অর্থ-হিসাব), মুপবিস।
- ০৯। সহকারী প্রকৌশলী, বাপবিবো, মুন্সীগঞ্জ (নির্ধারিত সময়ে দরপত্র মূল্যায়নের জন্য উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)।
- ১০। নোটিশ বোর্ড
- ১১। অফিসকপি/মাষ্টারকপি।

(এ এইচ এম মোবারক উল্যা)
সিনিয়র জেনারেল ম্যানেজার

